শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন -১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moef.gov.bd

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৫.১৪.০০১.২৪.০৩

তারিখ: ১৯ পৌষ ১৪৩০
০৩ জানুয়ারি ২০২৪

বিষয়: **জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (CCTF) এর অর্থায়নে কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন "জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় পরিকল্পনা প্রক্রিয়ায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ১৬ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) এর ট্রাস্টি বোর্ডের ৫৯তম সভায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (CCTF) এর অর্থায়নে কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন "জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় পরিকল্পনা প্রক্রিয়ায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা জোরদারকরণ" শীর্ষক প্রকল্প প্রস্তাব প্রাক্কলিত ব্যয় ৫০০.০০ লক্ষ টাকায় প্রস্তাবিত কাজ আনুপাতিক হারে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পের অনুমোদিত ব্যয় বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে নির্বাহ করা হবে। এমতাবস্থায়, ট্রাস্টি বোর্ডের ৫৯তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বর্ণিত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করা হলো।

প্রকল্পের মুল মেয়াদ: ডিসেম্বর ২০২৩ হতে নভেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত।
বাস্তবায়নকারী সংস্থা: কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।
প্রকল্পটির অনুমোদিত আইটেম ও আইটেমওয়ারী ব্যয় বিভাজন নিম্নরূপঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্র: নং | অর্থনৈতিক কোড | খাতের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | ৩২১১১০৬ | আপ্যায়ন ব্যয় | ১২.০০ |
| ০২ | ৩২১১১০৭ | যানবাহন ব্যবহার (চুক্তিভিত্তিক) | ১৫.০০ |
| ০৩ | ৩২১১১১৬ | কুরিয়ার | ১.০০ |
| ০৪ | ৩২১১১১৯ | ডাক | ০.৫০ |
| ০৫ | ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন ব্যয় | ১০.০০ |
| ০৬ | ৩২১১১২৭ | বইপত্র ও সাময়িকী | ১.০০ |
| ০৭ | ৩২১১১২৮ | প্রকাশনা | ৫.০০ |
| ০৮ | ৩২১১১৩১ | আউটসোর্সিং | ২২.০০ |
| ০৯ | ৩২১১১৩৩ | ভেন্যু ভাড়া | ৪.০০ |
| ১০ | ৩২১১১৩৪ | অনিয়মিত শ্রমিক | ২.০০ |
| ১১ | ৩২৩১৩০১ | প্রশিক্ষণ (স্থানীয়) | ১৬০.৩৫ |
| ১২ | ৩২৫৫১০১ | কম্পিউটার সামগ্রী | ৫.০০ |
| ১৩ | ৩২৫৫১০২ | মুদ্রণ ও বাধাই | ১০.০০ |
| ১৪ | ৩২৫৫১০৪ | স্ট্যাম্প ও সিল | ১.০০ |
| ১৫ | ৩২৫৫১০৫ | অন্যান্য মনিহারি | ২০.০০ |
| ১৬ | ৩২৫৭১০১ | পরামর্শক | ৯০.০০ |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | ৩২৫৭১০৩ | গবেষণা | ৯০.০০ |
| ১৮ | ৩২৫৭২০৬ | সম্মানী/পারিতোষিক | ২০.০০ |
| ১৯ | ৩২৫৮১০৩ | কম্পিউটার (মেরামত ও রক্ষণাবেক্ষণ) | ৩.০০ |
| ২০ | ৩২৫৮১০৫ | অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জাম (মেরামত ও রক্ষণাবেক্ষণ) | ৩.০০ |
| ২১ | ৩২৫৮১০৪ | অফিস সরঞ্জামাদি (মেরামত ও রক্ষণাবেক্ষণ) | ৩.০০ |
| (ক) মোট রাজস্ব ব্যয় | | | ৪৭৭.৮৫ |
| ০১ | ৪১১২২০২ | কম্পিউটার ও আনুষঙ্গিক | ৬.৯০ |
| ০২ | ৪১১২৩০২ | ক্যামেরা ও আনুষঙ্গিক | ১.২০ |
| ০৩ | ৪১১২৩১০ | অফিস সরঞ্জামাদি | ৯.৩৫ |
| ০৪ | ৪১১২৩১৪ | আসবাবপত্র | ২.৫০ |
| ০৫ | ৪১১৩৩০১ | কম্পিউটার ও এন্টিভাইরাস ও সফটওয়্যার | ২.২০ |
| (খ) মোট মূলধন ব্যয় | | | ২২.১৫ |
| সর্বমোট ব্যয় (ক+খ) | | | ৫০০.০০ |

তবে শর্ত থাকে যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০২ জুলাই ২০২৩ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১ নং পরিপত্র অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরে ব্যয় করতে হবে।

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ

১। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে। প্রকল্পের কাজ শুরুর পূর্বে (pre-work) এবং কাজ চলাকালীন (post work) এর স্থির চিত্র/ভিডিও সংরক্ষণ করতে হবে;

২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), ২০০৬ এবং Public Procurement Rule (PPR), ২০০৮ অনুসরণ করতে হবে;

৩। এ অনুমোদন আদেশ জারির পর প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় যথাশীঘ্র প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করবে এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

৪। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোনো অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;

৫। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) গঠনপূর্বক বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টকে অবহিত করতে হবে;

৬। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণ করতে হবে;

৭। অনুমোদিত প্রকল্পের অর্থছাড়ের ক্ষেত্রে ব্যয় বিভাজন (চার কিস্তির অর্থ সমভাবে বিভক্তপূর্বক) নির্ধারিত ছকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে;

৮। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড কপি এবং সফট্ কপি bcctmoef@hotmail.com এ ই-মেইল ঠিকানায় প্রেরণ নিশ্চিত করতে হবে;

৯। প্রকল্প বাস্তবায়ন শুরুর পূর্বে প্রকল্প এলাকার বর্তমান অবস্থা/পরিস্থিতির রঙ্গিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে;

১০। প্রকল্প পরিচালকের কার্যালয়ে এবং প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফেকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান সাইনবোর্ড স্থাপন করতে হবে;

১১। সংশোধিত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী অনুমোদন আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্পের কার্যক্রম শুরু করা না হলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে;

১২। প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থার উপর বর্তাবে এবং প্রকল্প শেষে অডিট রিপোর্টের কপি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে যথাসময়ে প্রেরণ করতে হবে;

১৩। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি বাংলাদেশ জলবায়ু

পরিবর্তন ট্রাস্টে ফেরত প্রদান করতে হবে।

৩-১-২০২৪
লুবনা ইয়াসমীন
যুগ্মসচিব

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট,
মহাখালী, ঢাকা।

ফ্যাক্স: ৯৫৪০২১০

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৫.১৪.০০১.২৪.০৩/১

তারিখ: ১৯ পৌষ ১৪৩০
০৩ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।

২) সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা (অনুমোদিত প্রকল্প প্রস্তাবের ১ প্রস্তসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো)।

৩) জেলা প্রশাসক, ঢাকা (প্রকল্পটি জেলা উন্নয়ন সমন্বয় সভায় এজেন্ডায় অন্তর্ভুক্তকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৬) সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩-১-২০২৪
লুবনা ইয়াসমীন
যুগ্মসচিব